# ইচ্ছে হলেই আঁকি





স্কুলের ড্রয়িং টিচার:  আজকে ড্রয়িং ক্লাসে সবাই
খুব ভালো এঁকেছ।
বাসায় গিয়ে প্র্যাকটিস করতে হবে।



তুলি বাসায় এসে তার রুমে ছবি আঁকতে বসে। ছবি আঁকা তুলির ভীষণ পছন্দ। মা, বাবা , স্কুলের টিচার , বন্ধুরা সবাই তুলির আঁকা ছবি খুব পছন্দ করে।



তুলির  বন্ধুরা : তুলি কি সুন্দর আঁকেতে পারে !
হুম , তুলি আমাদের ও শেখায়।




তুলির মা : দারুন এঁকেছিস ! এইভাবেই এগিয়ে যা ,
আমরা সবাই আছি তোর সাথে।
মায়ের চোখে আনন্দের হাসি




তুলি তার রুমে জানালার পাশে বসে মনের আনন্দে
ছবি আঁকছে আর বলছে,
ইচ্ছেডানায় দেখছি যা , রঙতুলিতে আঁকছি তা।



প্রতিটি শিশুর মনের বিকাশ হোক
বাধাহীন আনন্দময়